BGMEA

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৫/ ৯৮৮ ১৫ সেপ্টেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ **Customs Bond Management System (CBMS)** সফটওয়্যার এর মাধ্যমে বন্ড লাইসেন্স গ্রহণসহ বন্ডিং সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.১৯/৩০৭, তারিখঃ ০৮/০৯/২০২৫।

সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল সচল ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের তথ্য আগামী ২০/০৯/২০২৫ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে নিশ্চিতকরণ এবং উক্ত তারিখের পর হতে বন্ডিং সংক্রান্ত কোন সেবা ম্যানুয়ালী প্রদান যাবে না মর্মে উল্লেখ করে জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো এবং উল্লেখিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

ধন্যবাদান্তে,

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.১৯/ ৬০৭ তারিখ: ০৮-০৯-২০২৫ খ্রি:।

**বিষয়: CBMS (Customs Bond Management System) এর মাধ্যমে বন্ড লাইসেন্স গ্রহণসহ বন্ডিং সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সকল সচল ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের তথ্য আগামী ২০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে CBMS এ এন্ট্রি নিশ্চিত করতে হবে। প্রতি সপ্তাহে এ সংক্রান্ত গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্য জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করতে হবে। উক্ত তারিখের পর বন্ডিং সংক্রান্ত কোন সেবা ম্যানুয়ালি প্রদান করা যাবে না।

০২। এমতাবস্থায়, এ সংশ্লিষ্ট তথ্য/দলিলাদি আগামী ২০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে বন্ড সিস্টেমে (CBMS) এন্ট্রি দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮/০৯/২০২৫

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

**প্রাপক:**

কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
ঢাকা (উত্তর/দক্ষিণ)/ চট্টগ্রাম।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.১৯/ ৬০৭ তারিখ: ০৮-০৯-২০২৫ খ্রি:।

**অনুলিপি; সদয় অবগতির জন্য:**

১। সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। সিস্টেম ম্যানেজার (চঃ দাঃ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩-৪। অফিস কপি/ গার্ড কপি।

৮/০৯/২০২৫

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

০/২